# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪০৩

১৬/ রক্তপণ (كتاب الديات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পিতা পুত্রকে হত্যা করলে কিয়াস হবে কিনা।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَقْتُلُ ابْنَهُ يُقَادُ مِنْهُ أَمْ لاَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا الْمُثَنَّى بْنُ الصَّبَّاحِ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنْ سُرَاقَةَ بْنِ مَالِكِ بْنِ جُعْشُمٍ، قَالَ حَضَرْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُقِيدُ الأَبَ مِنِ ابْنِهِ وَلاَ يُقِيدُ الاِبْنَ مِنْ أَبِيهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ سُرَاقَةَ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَلَيْسَ إِسْنَادُهُ بِصَحِيحٍ رَوَاهُ إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ عَنِ الْمُثَنَّى بْنِ الصَّبَّاحِ . وَالْمُثَنَّى بْنُ الصَّبَّاحِ يُضَعَّفُ فِي الْحَدِيثِ . وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ أَبُو خَالِدٍ الأَحْمَرُ عَنِ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةَ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ مُرْسَلاً وَهَذَا حَدِيثٌ فِيهِ اضْطِرَابٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّ الأَبَ إِذَا قَتَلَ ابْنَهُ لاَ يُقْتَلُ بِهِ وَإِذَا قَذَفَ ابْنَهُ لاَ يُحَدُّ .

বাংলা

১৪০৩. আলী ইবনু হুজর (রহঃ) .... সুরাকা ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখেছি যে, তিনি পিতাকে হত্যার জন্য পুত্রের কিয়াস নিতেন কিন্তু পুত্রকে হত্যার জন্য পিতার কিয়াস নিতেন না। - ইরওয়া ৭/২৭২, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৯৯ [আল মাদানী প্রকাশনী]

এই সূত্র ছাড়া সুরাকা ইবনু মালিকের রিওয়ায়াত সম্পর্কে আমাদের জানা নাই। এটির সনদও সহীহ নয়। ইসমাঈল ইবনু আয়্যাশ এটিকে মুসান্না ইবনুল সাববাহ থেকে বর্ণনা করেছেন। মুছান্না ইবনুল সাববাহ হাদীসের ক্ষেত্রে যঈফ। আবূ খালিদ আহমার (রহঃ) এই হাদীসটিকে হাজ্জাজ-আমর ইবনু শু’আয়ব-তার পিতা-তার পিতামহ-উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। এই হাদীসটি আমর ইবনু শু’আয়ব (রহঃ) থেকে ’মুরসাল’রূপেও বর্ণিত আছে। এই হাদীসটিতে ’ইযতিরাব’ বিদ্যমান। আলিমগণের এই হাদীস অনুসারে আমল রয়েছে যে, পিতা যদি পুত্রকে হত্যা করে তবে এর বদলায় পিতাকে হত্যা করা হবে না। এমনিভাবে পিতা যদি

পুত্রের উপর যিনার তুহমত আরোপ করে তবে তার উপর মিথ্যা তুহমতের কারণে হদ প্রয়োগ করা হবে না।

## English

Narrated Suraqah bin Malik bin [Ju'shum]:
"The Messenger of Allah (ﷺ) judged that the son is to suffer retaliation for [killing] his father, but the father is not to suffer retaliation for [killing] his son."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সুরাকাহ্ ইবনু মালিক ইবনু জু‘শুম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21821

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন